বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

মানিলন্ডারিং প্রতিরোধ সেল
dcamlco@krishibank.org.bd
ফোন: ২২২৩৩৮৪৪৮৬

প্রকা/আরএমডি-৩০/অংশ-৯/২০২৩-২০২৪/১০৯৬ তারিখ- ১৮-০৯-২০২৩

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ।
০২। উপমহাব্যবস্থাপক, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণের হিসাব পরিচালনার ক্ষেত্রে সিডিডি ও কেওয়াইসি সম্পাদন প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক গত ১২/০৯/২০২৩ ইং তারিখে প্রেরিত পত্র নং-বিএফআইইউ(সিএইচডব্লিউ)-০৮(০৭)/২০২৩-৫৬৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

বর্ণিত পত্রে বিএফআইইউ সার্কুলার নং-২৬,তাং-১৬/০৬/২০২০ এর অনুচ্ছেদ নং-৩(তিন) এ বিধৃত সিডিডি ও কেওয়াইসি সম্পাদন সংক্রান্ত নির্দেশনার আলোকে নিম্নে বর্ণিত বিষয়াদি পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে-

১. ব্যাংকে বিদ্যমান বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণের হিসাব পরিচালনার ক্ষেত্রে আবশ্যিকভাবে হালনাগাদ কর্মানুমতি পত্র ও ভিসা কপিগ্রহণপূর্বক যাচাই করতে হবে।

২. এরূপ হিসাব পরিচালনার ক্ষেত্রে বিদেশী নাগরিকগণের কর্মানুমতির মেয়াদ উত্তীর্ণ হলে নতুন কর্মানুমতিপত্র গ্রহণ ও প্রযোজ্য ক্ষেত্রে কেওয়াইসি হালনাগাদকরতঃ স্বাভাবিক ব্যাংকিং সেবা প্রদান করতে হবে ।

এমতাবস্থায় অত্র ব্যাংকে বিদ্যমান বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণের হিসাব পরিচালনার ক্ষেত্রে বিএফআইইউ প্রদত্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৮/০৯/২০২৩

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)
ফোনঃ ২২২৩৩৮৪৪৮৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক -১ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা মহোদয়ের সচিবালয়।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক-পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, মহোদয়ের দপ্তর।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। তাকে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা গেল।

৫০১৩০

গোপনীয়
জরুরী

# বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১২ তলা, ২য় সংলগ্নী ভবন
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বিএফআইইউ (সিএইচডব্লিউ)- ০৮(০৭)/২০২৩-৫৬৭ তারিখঃ ১২/০৯/২০২৩

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**দৃষ্টি আকর্ষণঃ প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ কমর্কর্তা**

প্রিয় মহোদয়,

**বিষয়ঃ সিডিডি ও কেওয়াইসি সম্পাদন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে**

এ ইউনিট কর্তৃক ১৬/০৬/২০২০ইং তারিখে জারীকৃত সার্কুলার-২৬ এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলারের অনুচ্ছেদ ৩ (তিন) এ বিধৃত সিডিডি ও কেওয়াইসি সম্পাদন সংক্রান্ত নির্দেশনার আলোকে, বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণের হিসাব পরিচালনার ক্ষেত্রে আবশ্যিকভাবে হালনাগাদ কর্মানুমতি পত্র ও ভিসা কপি গ্রহণপূর্বক যাচাই করার জন্যে আপনাদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এরূপ হিসাব পরিচালনার ক্ষেত্রে বিদেশী নাগরিকগণের কর্মানুমতির মেয়াদ উত্তীর্ণ হলে নতুন কর্মানুপতি পত্র গ্রহণ ও প্রযোজ্য ক্ষেত্রে কেওয়াইসি হালনাগাদকরতঃ স্বাভাবিক ব্যাংকিং সেবা প্রদান করতে হবে।

অনুগ্রহপূর্বক বিধি মোতাবেক পত্রের গোপনীয়তা রক্ষা করবেন।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আরিফুজ্জামান
পরিচালক
ফোনঃ ০৮৮-০২৯৫৩০১১৮